

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
প্রশাসন শাখা



www.doict.gov.bd

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.১৮.০০৩.১৬.১০৭৪

তারিখ: ১২ ভাদ্র ১৪২৭

২৭ আগস্ট ২০২০

বিষয়: ই-নথিতে বিভিন্ন পত্রাদি প্রেরণ এবং প্রধান কার্যালয় কর্তৃক জারীকৃত বিভিন্ন পত্রাদি/কার্যক্রম অনলাইন মাধ্যমে প্রকাশ প্রসঙ্গে।  
উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আইসিটি অধিদপ্তরের অধীন জেলা/উপজেলা কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে ইনথির মাধ্যমে বিভিন্ন পত্রাদি প্রেরণ ও প্রকাশ বিষয়ক নিম্নবর্ণিত নির্দেশনা পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) প্রধান কার্যালয়ে পত্র প্রেরণের সময় অতীব জরুরি ছাড়া কোনরূপ অনুলিপি প্রদান করার প্রয়োজন নেই। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায়ের কার্যালয় থেকে যে সকল পত্রাদি মহাপরিচালক মহোদয় বরাবর প্রেরণ করা হয়; তার অনুলিপি প্রধান কার্যালয়ের অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক এবং উপ-পরিচালকগণ বরাবরও প্রদান করা হয়। ফলে ই-নথি নিষ্পত্তিতে বিঘ্নের সৃষ্টি হচ্ছে এবং ই-নথি নিষ্পত্তির হার কমে যায়।

(খ) আইসিটি অধিদপ্তর কর্তৃক সময় সময় জারীকৃত বিভিন্ন পত্রাদি (যেমন: অফিস স্মারক, নোটিশ, অফিস আদেশ, বিজ্ঞপ্তি ইত্যাদি) ও কার্যক্রম আইসিটি অধিদপ্তরের ওয়েবসাইট, ফেইসবুক গ্রুপ (DoICT (Admin & Service)) ও প্রয়োজনে অফিসিয়াল ফেসবুক পেজ (<https://www.facebook.com/Department.of.ICT>)-এ প্রকাশ করা হয়। আইসিটি অধিদপ্তরের জেলা ও উপজেলা কার্যালয়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে আবশ্যিকভাবে আইসিটি অধিদপ্তরের ওয়েবসাইট, ফেসবুক গ্রুপ ও অফিসিয়াল ফেসবুক পেজ নিয়মিতভাবে পরিদর্শন এবং প্রকাশকৃত বিভিন্ন পত্রাদির মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। বিষয়টি অতীব জরুরী।

২৮-৮-২০২০

মোঃ আমিরুল ইসলাম  
উপ-পরিচালক

বিতরণ :

- ১) প্রোগ্রামার (জেলা) সকল
- ২) সহকারী প্রোগ্রামার (সকল) উপজেলা

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.১৮.০০৩.১৬.১০৭৪/১(৩)

তারিখ: ১২ ভাদ্র ১৪২৭

২৭ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

২৮-৮-২০২০

মোঃ আমিরুল ইসলাম  
উপ-পরিচালক